উপজেলা পরিষদ

বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৪২তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম, বাজিতপুর।

তারিখ ঃ ২০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

সময় ঃ বেলা ১১.০০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের সেপ্টেম্বর/২০২২ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
০১	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ৫-১২ বছরের শিশুদের ১১.১০.২০২২ তারিখ থেকে Comirnaty ভ্যাকসিন দেয়া হচ্ছে। হাসপাতাল ও ইউনিয়নে ফাইজার বুস্টার টিকা দেয়া হচ্ছে। এ পর্যন্ত মোট ৭৩টি সিজারিয়ান সম্পন্ন হয়েছে। ডায়াবেটিস ও হাইপারটেনশন চিকিৎসা সেবা ও ১ মাসের বিনামূল্যে ঔষধ দেয়া হয়। ইউনিয়ন পরিষদসমূহে ০-৪৫ দিনের ১০৪টি শিশুর জন্ম নিবন্ধন তথ্য প্রেরণ করেছে।	ভ্যাকসিন প্রদান ও অন্যান্য চিকিৎসা সেবা কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর।
০২	উপজেলা প্রকৌশলী বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। এ প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদসমূহ হতে প্রাপ্ত স্কীমসমূহের তালিকা করা হয়েছে এবং স্কীম বাছাই প্রক্রিয়া চলমান রয়েছে। তিনি আরো জানান, মাইজচর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এলজিইডি ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় বাস্তবায়নের জন্য মাইজচর ইউনিয়নের ৩টি উপপ্রকল্প- পারকচুয়া বড় খাল পুনঃ খনন, বাহেরবালী জোয়ালবাড়িয়া খাল পুনঃ খনন এবং বোয়ালি শিবপুর খাল পুনঃ খননের প্রকল্প দাখিল করেন। এছাড়াও তিনি জানান, গাজিরচর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উক্ত প্রকল্পের আওতায় ২টি প্রকল্প- নগরের খাল এবং খন্দকারকান্দি খাল পুনঃ খননের জন্য প্রকল্প প্রেরণ করেছেন। তিনি উক্ত প্রকল্পসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তাছাড়া তিনি জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৫ম রাউন্ডের প্রাপ্ত বরাদ্দ হতে ০৩ (তিন)টি প্রকল্পের টেন্ডার আহবান করা হয়েছে। এছাড়াও তিনি নিম্নোক্ত কাজগুলো জরুরিভিত্তিতে সম্পাদন করা প্রয়োজন বলে জানানঃ - ১। উপজেলা পরিষদের গেইট সংস্কারকরণ। ২। যুব উন্নয়ন অফিসের টিন পরিবর্তনকরণ। ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দেয়াল পূর্বের ন্যায় বোর্ড/কাঠ দ্বারা সংস্কারকরণ। ৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মচারীদের বাথরুম সংস্কারকরণ। ৫। উপজেলা মৎস্য অফিসের মেঝে সংস্কারকরণ। ৬। উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের নীচ তলায় সিড়ি সংলগ্ন বাথরুম সংস্কারকরণ। এছাড়া তার দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে তিনি জানান।	১। ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রথম কিস্তির বরাদ্দ দ্বারা বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদসমূহ হতে প্রাপ্ত স্কীমসমূহ যথাযথভাবে বাছাই সম্পন্ন করতে হবে। ২। এলজিএডি ক্ষুদ্রকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় বাস্তবায়নের জন্য মাইজচর ইউনিয়নের ০৩টি এবং গাজিরচর ইউনিয়নের ০২টি প্রকল্পসহ মোট ০৫টি প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ৩। ইউজিডিপি প্রকল্পের আওতায় ৫ম রাউন্ডের প্রাপ্ত বরাদ্দ হতে ০৩ (তিন)টি প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে। ৪। উপজেলা পরিষদের গেইট সংস্কারকরণ, যুব উন্নয়ন অফিসের টিন পরিবর্তনকরণ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দেয়াল সংস্কারকরণ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মচারীদের বাথরুম সংস্কারকরণ, উপজেলা মৎস্য অফিসের মেঝে সংস্কারকরণ, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের নীচ তলায় সিড়ি সংলগ্ন বাথরুম সংস্কারকরণ-এ সকল কার্যক্রম সম্পন্নকরণের লক্ষ্যে উপজেলা	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।

			প্রকৌশলী কর্তৃক জরুরিভিত্তিতে প্রাক্কলন দাখিল করতে হবে। প্যাকেজ আকারে যথাযথ প্রক্রিয়ায় সংস্কার কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৩	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, মাঠ ফসলের বর্তমান অবস্থা ভাল এবং রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ প্রদান করছেন। তিনি জানান যে, বাজিতপুর উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক রয়েছে। তিনি চলতি রবি/২০২২-২০২৩ মৌসুমের জন্য বাজিতপুর উপজেলার জন্য নিম্নলিখিত ফসলের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে মর্মে জানান। ইউরিয়া : ১৭০ মে.টন, টিএসপি: ৫০ মে.টন, এমওপি: ৪৫ মে.টন, ডিএপি: ৯০ মে.টন। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভায় জানান।	মাঠে ফসলের রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। সে ব্যাপারে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।	উপজেলা কৃষি কর্মকর্তা বাজিতপুর, কিশোরগঞ্জ।
০৪	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ০৭ অক্টোবর হতে ২৮ অক্টোবর/২০২২ সারাদেশে ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ ও ক্রয়-বিক্রয় নিষেধ থাকার প্রেক্ষিতে বাজিতপুর উপজেলায় ২০.১০.২০২২ তারিখ পর্যন্ত কোন ইলিশ বাজারে উঠেনি। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, তার কার্যালয়টি ০২ কক্ষ বিশিষ্ট। একটি কক্ষের মেঝে অত্যন্ত খারাপ, ভাঙ্গা এবং স্যাঁতসেঁতে অবস্থায় আছে। এই অবস্থায় অফিসের কর্মকর্তা কর্মচারীগণের দাপ্তরিক কাজ সম্পাদনে অসুবিধা হচ্ছে। তিনি তার অফিসের মেঝে সংস্কার ও উহাতে টাইলস স্থাপনের অনুরোধ জানান। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভায় জানান।	১। ইলিশ সংরক্ষণে সরকারি বিধি-নিষেধ যথাযথভাবে বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। ২। উপজেলা মৎস্য অফিসের মেঝে পরিদর্শনপূর্বক উপজেলা প্রকৌশলী ব্যবস্থা গ্রহণ করবেন।	১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বাজিতপুর। ২। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর।
০৫	উপজেলা শিক্ষা অফিস	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অনলাইনে শিক্ষকদের বদলীর আবেদনপত্র যাচাই কাযক্রম চলমান আছে। প্রাথমিক বিদ্যালয়সমূহের ৫-১১ বছর বয়সের শিক্ষার্থীদের টিকাদান কার্যক্রম চলমান আছে। এছাড়াও তিনি জানান, IPEMIS সফটওয়্যারে সকল ধরনের বিদ্যালয়ের তথ্য, শিক্ষক তথ্য হালফিল কার্যক্রম চলমান রয়েছে। তিনি তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান।	১। শিক্ষকদের বদলীর অনলাইন আবেদন স্বচ্ছতার সাথে যথাযথভাবে নিষ্পত্তি করতে হবে। ২। IPEMIS সফটওয়্যারে সকল ধরনের বিদ্যালয়ের তথ্য, শিক্ষক তথ্য হালফিল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর
০৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ০৬ নভেম্বর হতে এইচএসসি/সমমান পরীক্ষা ২০২২ অনুষ্ঠিত হবে। বাজিতপুর উপজেলা হতে এ বছর আনুমানিক ৮৫০ জন পরীক্ষার্থী উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষা উপলক্ষ্যে আগামী ০৩ নভেম্বর হতে ১৪ ডিসেম্বর পর্যন্ত সারাদেশে সকল ধরণের কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশনা রয়েছে। তিনি আরো জানান, আগামী ২০২৩ শিক্ষাবর্ষ হতে শিক্ষা কারিকুলাম পরিবর্তন হতে যাচ্ছে। সে লক্ষ্যে এ উপজেলার মাধ্যমিক স্তরের সকল শিক্ষকের নতুন কারিকুলামের সম্পর্কে আগামী নভেম্বর ডিসেম্বরের মধ্যে প্রশিক্ষণ প্রদান করা হবে। ইতিমধ্যে সকল শিক্ষকের বিষয় নিধারণ হয়ে গেছে। প্রশিক্ষণের জন্য প্রশিক্ষক নির্বাচন কার্যক্রম চলমান আছে। তাছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে মর্মে তিনি জানান।	১। আগামী ০৬ নভেম্বর হতে শুরু হতে যাওয়া এইচএসসি/সমমান পরীক্ষা ২০২২ সুষ্ঠু ও সকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকল প্রকার প্রস্তুতি গ্রহণ করতে হবে। ২। পরিবর্তিত শিক্ষা কারিকুলাম সম্পর্কে শিক্ষকদের যথাযথভাবে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর
০৭	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বাজিতপুর উপজেলায় বয়স্ক ভাতাভোগী আবেদন যাচাইকালে বয়স কম থাকায় মোট ৬২৩জন আবেদনকারী এমআইএস থেকে স্বয়ংক্রিয়ভাব বাতিল হয়েছে। বাতিল হওয়া নাম প্রতিস্থাপনের জন্য প্রতিটি ইউনিয়ন থেকে তালিকা প্রেরণের জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়েছে। যেসব ভাতাভোগী মৃত্যুবরণ করেছেন তাদের প্রাপ্য ভাতা নমিনীর মাধ্যমে যথাসময়ে উত্তোলনের জন্য তিনি অনুরোধ করা হল। অন্যথায় ভাতা উত্তোলনে সমস্যা হতে পারে মর্মে তিনি জানান। তিনি আরো জানান, জুলাই হতে সেপ্টেম্বর মাস পর্যন্ত মোট ৬ কোটি টাকা পেরোলে প্রেরণ করা হয়েছে। সবার ভাতার টাকা নির্ধারিত সময়ের মধ্যে নিজ নিজ একাউন্টে পৌছে যাবে বলে তিনি জানান।	১। ইউনিয়নের বিভাজন অনুযায়ী এমআইএস হতে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হওয়া নাম প্রতিস্থাপনের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ২। মৃত্যুবরণকারী ভাতাভোগীদের ভাতা নির্ধারিত সময়ের মধ্যে নমিনী কর্তৃক উত্তোলন করতে হবে।	১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাজিতপুর। ২। চেয়ারম্যান, সকল ইউপি, বাজিতপুর।
০৮	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার দপ্তরের সেপ্টেম্বর/২২ মাসের কার্যক্রমের চিত্র নিম্নোক্তভাবে উপস্থাপন করেন: স্থায়ী পদ্ধতি: মহিলা ২৫জন, পুরুষ ০১জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি: ইমপ্ল্যান্ট ২০ জন, আইইউডি ১৫জন, অস্থায়ী পদ্ধতি (বিতরণ): খাবার বড়ি ২১০২৬ জন, কনডম ৩৬৪৩ জন, ইনজেকশন ৪৩০০জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর।

		কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক ডেলিভারীর সংখ্যা ১৭টি। সি.এ.বি.এ/পরিবার কল্যাণ সহকারী দ্বারা বাড়িতে ডেলিভারীর সংখ্যা ২৮৭টি। এছাড়া গর্ভবর্তী, প্রসূতি সেবা, কিশোর-কিশোরী, ০-৫ বছরের শিশু সেবা, সাধারণ রোগী, জন্ম নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনার অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।		
০৯	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বাজিতপুর উপজেলায় ১১টি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ণের কার্যক্রম ১৭.১০.২০২২ তারিখ পর্যন্ত চলমান ছিল। গত ১২.১০.২০২২ তারিখ পর্যন্ত মোট ২৭৬৬জন ভোক্তার তথ্য যাচাই করা হয়েছে। যাচাইকৃত ভোক্তাদের মাঝে মাস্টাররোল অনুযায়ী চলতি অক্টোবর/২২ মাসের চাল বিতরণ চলমান আছে। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী ১৭.১০.২০২২ তারিখে যাচাই সমাপ্তির পর বাদ পড়া ভোক্তার স্থলে উপজেলা খাদ্য বান্ধব কমিটির মাধ্যমে নতুন ভোক্তা অন্তর্ভূক্ত করা যাবে। এছাড়াও তিনি জানান, বাজিতপুর পৌরসভায় তিনটি পয়েন্টে ওএমএস কার্যক্রম ০১ সেপ্টেম্বর ২০২২ তারিখ থেকে চলমান আছে।	খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ণের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। পরবর্তী মাসিক সভায় আবশ্যিকভাবে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। এছাড়াও খাদ্যবান্ধব কর্মসূচি ও ওএমএস কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বাজিতপুর, কিশোরগঞ্জ।
১০	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সরকার প্রতি বছরের ন্যায় এবারও অক্টোবর/২২ মাসকে 'জাতীয় স্যানিটেশন মাস' হিসাবে ঘোষণা করেছেন। 'জাতীয় স্যানিটেশন মাস' ২০২২ ও বিশ্ব হাত ধোয়া দিবস ২০২২ উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে বর্ণাঢ্য র‌্যালি, হাত ধোয়া প্রদর্শন ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর/২০২২ ও বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২ উদযাপন উপলক্ষে ব্যাপক কর্মসূচি গ্রহণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। উক্ত কর্মসূচি গুলোতে উপজেলা পরিষদ ও সকল ইউনিয়ন পরিষদসহ সকলের সহযোগিতা কামনা করছি।	জাতীয় স্যানিটেশন মাস-২০২২ ও বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২ যথাযথভাবে উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাজিতপুর।
১১	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার জানান যে, ২০২১-২০২২ বর্ষের ৮৪টি সমবায় সমিতি নিরীক্ষার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধে ১৮টি সমিতির নিরীক্ষা সম্পাদন করা হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২১-২০২২ অর্থবছরের ৩৬টি সমবায় সমিতির পরিদর্শন লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ০৯টি সমিতি পরিদর্শন করা হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২১-২০২২ ইং সনের ধার্যকৃত অনাদায়ী নিরীক্ষা ফি ১,০৮০/-টাকা, ভ্যাট ১৬২/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৩২৩/-টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। তাছাড়া সমবায় বিভাগীয় ৩৩টি প্রাথমিক সমবায় সমিতি নিরীক্ষা ফি ৬০,৬০০/- টাকা, ভ্যাট ৯০৯৫/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৬৭,৭৮৯/- টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সেপ্টেম্বর/২২ পর্যন্ত নিরীক্ষা ফি ৬০,৬০০/- টাকা, ভ্যাট ৯,০৯৫/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ৬৭,৭৮৯/- টাকা আদায় করে সংশ্লিষ্ট খাতে পরিশোধ করা হয়েছে। ২০২১-২০২২ বর্ষের লক্ষমাত্রা অনুযায়ী ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ ১০০জন সমবায়ীর মধ্যে প্রদান করা হবে। এছাড়াও তার দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে চলছে মর্মে তিনি জানান।	বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।	উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।
১২	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার কার্যক্রমের সেপ্টেম্বর/২২ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নোক্তভাবে উপস্থাপন করেন:	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।

ক্র: নং	বিবরণ	টাকা/জন	মন্তব্য
০১	মূল ঋণ তহবিল	২৫,৩৮,৮০০/-	
০২	মোট ঋণ তহবিল	৭৪,৫৯,৭৭০/-	
০৩	মূল ঋণ বিতরণ	৩,৭০,৪৬,০০০/-	
০৪	মূল ঋণ আদায়	৩৩,০৫,৮৫,৫৮৭/-	
০৫	আদায়ের হার	৯২%	
০৬	মোট খেলাপী ঋণ	২০,৯৬,৩৮৪/-	খেলাপী আদায়-৫৬,৩৯২/-
০৭	মোট উপকারভোগীর সংখ্যা	১০১১ জন	
০৮	চলমান উপকারভোগীর সংখ্যা	২৯৬ জন	
০৯	মোট ঋণ সংখ্যা	১৫১০ জন	
১০	মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা	৬৭২২ জন	

		১১ মোট আত্মকর্মী সংখ্যা — ৪৬০১ জন ১২ অনুমোদিত জনবল — ০৭জন ১৩ বিদ্যমান জনবল — ০৫জন		
১৩	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, বাজিতপুর উপজেলার ১১টি ইউনিয়ন এবং ০১টি পৌরসভায় শারদীয় দূর্গা পূজা/২২ উপলক্ষ্যে বাজিতপুর উপজেলার ৬৭টি পূজামন্ডপের আইনশৃঙ্খলা ও নিরাপত্তার জন্য ১৭জন পিসি, ৬৭জন এপিসি, ২১৮জন পুরুষ আনসার ও ১৩৪জন মহিলা আনসার ও ভিডিপি সদস্যাসহ সর্বমোট ৩৯৮জন আনসার ও ভিডিপি সদস্যকে ৩০.০৯.২০২২ হতে ০৫.১০.২০২২ তারিখ পর্যন্ত ৬ (ছয়) দিনের জন্য মোতায়েন করা হয়েছে। তাছাড়া জেলা পরিষদ নির্বাচন/২২ উপলক্ষ্যে বাজিতপুর উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত ভোট কেন্দ্রের নিরাপত্তার জন্য ০১জন পিসি, ০১জন এপিসি, ০২জন পুরুষ আনসার ও ০২জন মহিলা আনসার নিয়োগ প্রদান করা হয়েছে। তাছাড়া তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় জানান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার বাজিতপুর।
১৪	উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বাজিতপুর উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২২-২০২৩ চক্রের সেপ্টেম্বর/২০২২ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়াও তিনি জানান, বাজিতপুর উপজেলার দরিদ্র মার জন্য মাতৃত্ব ভাতা ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নাম্বারে টাকা পাচ্ছে। বাজিতপুর পৌরসভার কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল এর ভাতাভোগীদের নিজস্ব হিসাব নম্বরে টাকা পাচ্ছে। বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে ০২টি মামলা পাওয়া গিয়েছে। স্থানীয়ভাবে ০২টি মামলা পাওয়া যায়। এছাড়াও সেপ্টেম্বর/২২মাসে হালিমপুর ইউনিয়নে ০১টি বাল্যবিবাহের সন্ধান পাওয়া যায় যা পুলিশের সহায়তা বন্ধ হয়। বাজিতপুর উপজেলার ১২টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে। যা ছুটির দিন শুক্রবার ও শনিবার ক্লাস করানো হয়।	১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রমসহ যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে। ২। আদালত হতে নারী নির্যাতন সংক্রান্ত যে কোন মামলা পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে তদন্তপূর্বক মামলা নিস্পত্তিতে ভূমিকা রাখতে হবে। ৩। বাল্যবিবাহ বিষয়ে জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, (বিআরডিবি) পল্লী উন্নয়নে বিভিন্ন আইজিএভিত্তিক দক্ষতামূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এ উপজেলায় সেপ্টেম্বর/২২ মাসে ১০.৫০ (লক্ষ) টাকাসহ বিভিন্ন প্রকল্প/কর্মসূচীতে ২০২২-২০২৩ অর্থবছরে মোট ৫৫.৮৮ (লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং চলতি অর্থবছরে আদায় হয়েছে ২২.২০ (লক্ষ) টাকা। বর্তমানে মাঠে বকেয়া ঋণের পরিমাণ ২.৪০ (লক্ষ) টাকা। এছাড়া বীর মুক্তিযোদ্ধা প্রকল্পে ১জন বীর মুক্তিযোদ্ধাকে মধ্যে ১ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, সরকারি ঋণ আদায়ে দায়েরকৃত সার্টিফিকেট মামলা সংখ্যা ২৩টি। সার্টিফিকেট মামলা সংক্রান্ত ঋণ আদায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভায় জানান।	ঋণ দান ও ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। তাছাড়া সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিস্পত্তি করতে মামলার নির্ধারিত তারিখে খাতকের উপস্থিতি নিশ্চিত করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাজিতপুর।
১৬	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প	ইউডিএফ জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৫ম পর্যায়ে) বাস্তবায়নের জন্য টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। আগামী ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে ৫ম রাউন্ডের বিল প্রেরণ না করলে এর পরে কোন বিল প্রদান করা হবে না মর্মে তিনি সভায় জানান।	১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৫ম পর্যায়ে) বাস্তবায়নের জন্য টেন্ডার কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ২। নির্ধারিত সময়ের মধ্যে ৫ম রাউন্ডের বিল প্রেরণ করতে হবে।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ৩। উপজেলা প্রকৌশলী বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৭	বন বিভাগ	উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বাজিতপুর উপজেলায় ২০২০-২০২১ অর্থ বছরে ৫ কি. মি. ও ২০২১-২০২২ অর্থ বছরে ২ কি. মি সংযোগ সড়কে বনায়ন হয়েছে। তাছাড়া ১৯৯৩-১৯৯৪ অর্থবছরে সরারচর হতে পিরিজপুর সংযোগ সড়কে ৪ কি.মি, সরারচর হতে আফতাব বহুমুখী ফার্মপর্যন্ত ৪ কি.মি এবং দিঘিরপাড় ইউনিয়ন পরিষদ হতে চেংগাহাটি পর্যন্ত ২০০১-২০০২ অর্থবছরে সৃজিত ২ কি.মি. বাগান চুক্তিপত্র মোতাবেক মেয়াদ উত্তীর্ণ হওয়ায় (কিছু গাছ মরে গেছে) জরুরীভিত্তিতে গাছগুলো নিলামে বিক্রয় করা দরকার। এছাড়া বাজিতপুর উপজেলায় মোট ২৯টি করাত কল আছে। তন্মধ্যে লাইন্সেস বিহীন করাত কলের সংখ্যা ২৪টি।	১। বনায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। সরকারি সড়কের পাশে সৃজিত গাছ সরকারি বিধি মোতাবেক নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা বন কর্মকর্তা, বাজিতপুর।

পরিশেষে সভাপতি বলেন যে, বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশও সংকটময় পরিস্থিতি পার করছে। এমন সময়ে সকলকে ব্যয় সংকোচন নীতি মেনে অপ্রয়োজনীয় ব্যয় না করে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। উপজেলা পরিষদের সকল উন্নয়নমূলক কর্মকান্ডে সংশ্লিষ্ট দপ্তর ও জনপ্রতিনিধিগণকে সম্পৃক্ত করে কার্যক্রম পরিচালনা করতে হবে। সকলের মধ্যে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম সম্পাদন করলে জনগণ উপকৃত হবেন। এছাড়াও তিনি উপজেলা পরিষদের সভায় সকলকে নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্যও অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১০/২২

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৪- ১১৬৮ | তারিখঃ ২০.১০.২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ।
১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ....

২০.১০.২২

মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ